

স্মারক নং-স্বাঃঅধিঃ/অতিঃ মহাপরিঃ (প্রশাসন)/২০২০/৯৭

তারিখ: ১৮/০৬/২০২০ ইং

বরাবর
পরিচালক, এমআইএস
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী
ঢাকা।

বিষয়ঃ লেভেল/ক্যাটাগরি অনুযায়ী Cover All, Gown এবং Mask গ্রহণ এবং সেই অনুযায়ী কোভিড-১৯ SCM পোর্টালে সংযোজন/গ্রহণ (এন্ট্রি), সংরক্ষণ ও বিতরণ করার নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ রোগীর সেবায় নিয়োজিত স্বাস্থ্যসেবা প্রদানকারীগণের (ডাক্তার, নার্স ও অন্যান্য স্বাস্থ্যসেবাদানকারী) ব্যবহৃত ব্যক্তিগত সুরক্ষাসামগ্রী যেমন-Cover All এবং Gown গুলোকে ব্যবহারকারীর ক্যাটাগরি/ধরন অনুযায়ী Level-1, Level-2, Level-3 এবং Level-4 এই চার ভাগে ভাগ করা হয়েছে। সেই অনুযায়ী কোভিড-১৯ SCM পোর্টালে উক্ত ব্যক্তিগত সুরক্ষাসামগ্রীগুলোকেও Level-1, Level-2, Level-3 এবং Level-4 এই চার ভাগে ভাগ করা হয়েছে। ফলে এখন থেকে কোভিড-১৯ SCM পোর্টালে Cover All এবং Gown এর তথ্য সংযোজনের ((এন্ট্রি) সময় নির্ধারিত লেভেল অনুযায়ী সংযোজন করা এবং ব্যবহারকারীর ক্যাটাগরি/ধরন অনুযায়ী সেগুলো গ্রহণ, সংরক্ষণ ও বিতরণ করার জন্য আপনাকে অনুরোধ করা হল। এখন থেকে উক্ত পণ্যগুলো ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA) কর্তৃক নির্ধারিত Level-1, Level-2, Level-3 এবং Level-4 স্পেসিফিকেশন অনুযায়ী মান নির্ণয়ের সনদ (সার্টিফিকেট) ও NOC এবং প্রতিটি কার্টুনের গায়ে সার্টিফিকেট অনুযায়ী লেভেল, ব্যাচ/লট নম্বর, ম্যানুফ্যাকচারিং ডেট ও এক্সপাইরি ডেট দেখে গ্রহণ এবং সেই অনুযায়ী SCM পোর্টালে সংযোজন (এন্ট্রি) করার জন্য অনুরোধ করা হল।

এছাড়া পূর্ববর্তী স্টকে থাকা PPE গুলোকে PPE-এর ধরণ এবং ব্যবহার উপযোগিতা বুঝে লেভেল অনুযায়ী সমন্বয় করাসহ নতুন করে পুরনো আইটেমের বিপরীতে কোন Cover All এবং Gown গ্রহণ এবং SCM পোর্টালে সংযোজন (এন্ট্রি) না করার জন্য অনুরোধ করা হল।


Cover All এবং Gown লোকাল প্রকিউরমেন্ট এবং ডোনেশনের ক্ষেত্রে ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA) কর্তৃক নির্ধারিত মান (Level-1, Level-2, Level-3 এবং Level-4) অনুযায়ী মান নির্ণয়ের সনদ (সার্টিফিকেট) ও NOC এবং প্রতিটি কার্টুনের গায়ে সার্টিফিকেট অনুযায়ী লেভেল, ব্যাচ/লট নম্বর, ম্যানুফ্যাকচারিং ডেট ও এক্সপাইরি ডেট দেখে গ্রহণ এবং সেই অনুযায়ী SCM পোর্টালে সংযোজন (এন্ট্রি) করার জন্য অনুরোধ করা হল।

প্রসঙ্গত উল্লেখ্য যে, Level-3 এর নিচের মানের (শুধুমাত্র PPE-এর চরম অপ্রাপ্যতার সময় প্রযোজ্য ক্ষেত্রে লেভেল-২ গ্রহণযোগ্য) কোনো PPE স্বাস্থ্যসেবা কার্যক্রমের জন্য গ্রহণ, সংরক্ষণ ও বিতরণ না করার জন্য অনুরোধ করা হল।

Mask-এর নামকরণ পরিবর্তন করা হয়েছে এবং সেই অনুযায়ী SCM পোর্টালেও প্রয়োজনীয় সংশোধন করা হয়েছে। এখন থেকে উক্ত পণ্য ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA) কর্তৃক নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী মান নির্ণয়ের সনদ (সার্টিফিকেট) ও NOC এবং প্রতিটি কার্টুনের গায়ে সার্টিফিকেট অনুযায়ী লেভেল, ব্যাচ/লট নম্বর, ম্যানুফ্যাকচারিং ডেট ও এক্সপাইরি ডেট দেখে গ্রহণ এবং সেই অনুযায়ী SCM পোর্টালে সংযোজন/গ্রহণ (এন্ট্রি), সংরক্ষণ ও বিতরণ করার জন্য অনুরোধ করা হল।

পূর্ববর্তী স্টকে থাকা Mask গুলোকে ধরণ এবং ব্যবহার উপযোগিতা বুঝে নতুন নামকরণ অনুযায়ী সমন্বয় করার জন্য অনুরোধ করা হল।

এতে মহা পরিচালকের সম্মতি আছে।


(অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) ও
সভাপতি

টেকনিক্যাল কমিটি, ল্যাবরেটরি ইনভেস্টিগেশন, কোভিড-১৯
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং-স্বাঃঅধিঃ/অতিঃ মহাপরিঃ (প্রশাসন)/২০২০/

তারিখঃ ১৮/০৬/২০২০ ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১। মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আঃ মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা-১২১২

www.dghs.gov.bd



- ২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আঃ সচিব মহোদয়ের একান্ত সচিব।
- ৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আঃ সহকারী পরিচালক (সমন্বয়)
- ৪। অতিরিক্ত সচিব, হাসপাতাল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। পরিচালক, হাসপাতাল, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। পরিচালক, সিএমএসডি, তেজগাঁও, ঢাকা।
- ৮। পরিচালক, প্রশাসন/রোগ নিয়ন্ত্রণ/আইইডিসিআর/পরিকল্পনা ও উন্নয়ন/আইপিএইচ/এমবিডিসি, মহাখালী, ঢাকা।
- ৯। বিভাগীয় পরিচালক (সকল), স্বাস্থ্য বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর।
- ১০। প্রোজেক্ট ডাইরেক্টর, MTaPS, এমএসএইস।
- ১১। প্রোজেক্ট ডাইরেক্টর, BHB, এমএসএইস।

(অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা)

অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) ও

সভাপতি

টেকনিক্যাল কমিটি, ল্যাবরেটরি ইনভেস্টিগেশন, কোভিড-১৯

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

সংযুক্তিঃ

- ১। লেভেল অনুযায়ী PPE-এর শ্রেণীবিন্যাস এবং সেই অনুযায়ী PPE সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণের নির্দেশিকা।
- ২। SCM পোর্টালে PPE-এন্ড্রির সংশোধিত গাইডলাইন।